

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) পরিবীক্ষণ প্রতিবেদন


গত ৩০/১২/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা পরিবীক্ষণ করা হয় এবং পরিবীক্ষণের আলোকে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নের ছকে উপস্থাপন করা হলো।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	পরিবীক্ষণ	পরিবীক্ষণের আলোকে গৃহীত সিদ্ধান্ত
[১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে প্রয়োজ্য ক্ষেত্রে ত্রৈমাসিকভাবে হালনাগাদকরণ।	[১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার হালনাগাদকৃত তথ্য এবং ওয়েবসাইটে আপলোডকৃত	ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্সে আপলোডকৃত অনিক ও আপিল কর্মকর্তার তথ্য যাচাই করা হয়। যাচাইয়ে দেখা যায় যে, গত ১০ নভেম্বর ২০২২ তারিখে অনিক কর্মকর্তার তথ্য হালনাগাদ করা হয়েছে।	অনিক ও আপিল কর্মকর্তা অন্যত্র বদলী না হওয়ায় ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) পর্যন্ত অপরিবর্তিত থাকবে। বিষয়টি পত্রের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
[১.২] নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি।	[১.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত	অক্টোবর-ডিসেম্বর, ২০২২ মাস পর্যন্ত প্রাপ্ত অভিযোগ ও নিষ্পত্তির বিষয়টি যাচাই করা হয়। যাচাইয়ে দেখা যায় যে, ২য় ত্রৈমাসিকে অভিযোগের কোন তথ্য পাওয়া যায়নি।	অভিযোগ রেজিস্টার অনুযায়ী ২য় ত্রৈমাসিকে কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ দেখে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
[১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।	[১.৩.১] প্রতিবেদন প্রেরিত	মাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত কার্যক্রম যাচাইয়ে দেখা যায় যে, অক্টোবর/২২ ও নভেম্বর/২২ মাসের প্রতিবেদন প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ ওয়েবসাইটের জিআরএস সেবাবক্সে আপলোড করা হয়েছে। ডিসেম্বর/২২ মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে প্রেরণ করা হবে।	ডিসেম্বর/২২ মাসের প্রতিবেদন জানুয়ারি/২৩ মাসের ১ম সপ্তাহে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
[২.১] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যারে বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।	[২.১.১] প্রশিক্ষণ আয়োজিত	অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক ১ম প্রশিক্ষণ ফেব্রুয়ারি/২৩ মাসে অনুষ্ঠিত হবে।	প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২টি হওয়ায় ৩য় ত্রৈমাসিকে ১ম টি ও ৪র্থ ত্রৈমাসিকে ২য় টি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

*(স্বাক্ষর)*

*(স্বাক্ষর)*


কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	পরিবীক্ষণ	পরিবীক্ষণের আলোকে গৃহীত সিদ্ধান্ত
[২.২] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উপর্যুপকর্তৃপক্ষের নিকট প্রেরণ।	[২.২.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	ত্রৈমাসিকভিত্তিক পরিবীক্ষণের অংশ হিসেবে ১ম ত্রৈমাসিকে গত ২৯/০৯/২০২২ তারিখ জিআরএস কর্মপরিকল্পনা পরিবীক্ষণ করা হয়।	পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ের প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
[২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।	[২.৩.১] সভা আয়োজিত	স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	স্টেকহোল্ডারগণের অবহিতকরণ সভার লক্ষ্যমাত্রা ২টি হওয়ায় ৩য় ত্রৈমাসিকে ১ম টি ও ২য় টি ৪র্থ ত্রৈমাসিকে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

  
 (মোহেদী হাসান)  
 প্রকাশনা কর্মকর্তা

সদস্য সচিব

অভিযোগ প্রতিকার ব্যবস্থা পরিবীক্ষণ কমিটি


মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

  
 (সাক্বাদ হোসেন)  
 তথ্য কর্মকর্তা (মৎস্য)

সদস্য সচিব

অভিযোগ প্রতিকার ব্যবস্থা পরিবীক্ষণ কমিটি

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

  
 (ডাঃ মোঃ এনাযুল করীম)  
 তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)

আস্বায়ক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা পরিবীক্ষণ কমিটি

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর